

আন্দোলনের মুখে অধ্যক্ষের পদত্যাগের ঘোষণা

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা
১৬ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের ময়



কুমিল্লা ভিট্টোরিয়া সরকারি কলেজের ডিপ্রি শাখায় শিক্ষার্থীদের এক দফা দাবির মুখে মৌখিক পদত্যাগ ও কলেজে আর না আসার ঘোষণা দিয়ে মধ্যরাতে পুলিশি প্রহরায় কলেজ ক্যাম্পাস ত্যাগ করেন তিনি। ওই দাবিতে সোমবার বেলা ৩টা থেকে রাত সোয়া ১১টা পর্যন্ত কলেজ মসজিদে অবরুদ্ধ থাকেন তিনি। শিক্ষার্থীরা ৯ দফা দাবিতে টানা ৮ ঘন্টা অবরুদ্ধ করে তাকে। রাতে জেলা প্রশাসন ও কুমিল্লা আদর্শ সদর উপজেলা প্রশাসনের কর্মকর্তাদের আশ্বাসের প্রেক্ষিতে শিক্ষার্থীরা আন্দোলন শিথিল করলে তাকে মুক্ত করে পুলিশ।

এর আগে ওই দাবির সঙ্গে একাত্মা ঘোষণা করে কলেজের হলগুলো থেকেও শিক্ষার্থীদের আন্দোলনে যোগ দিতে দেখা গেছে।

জানা গেছে, শিক্ষার্থীদের দাবির পরিপ্রেক্ষিতে সোমবার দুপুরে অধ্যক্ষের সঙ্গে এক সংলাপে আশ্বাসমূলক বক্তব্য ও সুস্পষ্ট রোডম্যাপ না পেয়ে ক্ষুক শিক্ষার্থীরা সংলাপ ভেঙে বের হয়ে আসেন এবং ‘এক দফা এক দাবি, অধ্যক্ষের পদত্যাগ চাই’ স্লোগান তুলে বিক্ষোভে ফেটে পড়েন। এর আগে গত বৃহস্পতিবার সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা ৯ দফা দাবি জানায় এবং দুই কার্যদিবস সময় দেয়। সোমবার কলেজ ক্যাম্পাসে অবস্থান নিয়ে বিভিন্ন স্লোগানে অধ্যক্ষের পদত্যাগ দাবি করে আন্দোলন শুরু করেন শিক্ষার্থীরা।

কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মো. আবদুল মজিদ জানান, পরিস্থিতি অশান্ত হয়ে পড়ায় রাতে জেলা ও উপজেলা প্রশাসনের কর্মকর্তারা ক্যাম্পাসে যান। এ সময় পুলিশ অধ্যক্ষকে উদ্বার করে ক্যাম্পাস থেকে নিয়ে যায়।

কোতোয়ালি মডেল থানার ওসি মহিনূল ইসলাম বলেন, শিক্ষার্থীরা অধ্যক্ষের পদত্যগের দাবিতে বিকাল থেকে বিক্ষোভ করছিলেন। রাতের দিকে পরিস্থিতি আরও উৎপন্ন হওয়ায় জেলা ও উপজেলা প্রশাসনের নির্দেশনা মোতাবেক আমরা (পুলিশ) অধ্যক্ষকে রাত সোয়া ১১টার দিকে নিরাপদে বাসায় পৌঁছে দিয়েছি।

এই বিষয়ে জানতে কলেজ অধ্যক্ষ আবুল বাসার ভূঞ্চার বাসায় গোলে তিনি নেই বলে জানান বাসার সদস্যরা। কল করলেও ফোন রিসিভ করেননি।